ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

রোববার | ১৬ অক্টোবর ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ৪১ সংখ্যা | ৩১ আশ্বিন ১৪২৯ সাল | ১৯ রবিউল আউয়াল ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইউটিএস-পিইউসির অনুষ্ঠানে বক্তব্য রাখছেন অস্ট্রেলিয়ান হাইকমিশনার জেরেমি ব্রুর*

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অস্ট্রেলিয়ার হাইকমিশনার

# ইউটিএস-পিইউসি প্রোগ্রাম শিক্ষাক্ষেত্রে অস্ট্রেলিয়া-বাংলাদেশের সম্পর্কের দৃষ্টান্ত

অস্ট্রেলিয়ান হাইকমিশনার জেরেমি ব্রুর 'শিক্ষার ক্ষেত্রে বাংলাদেশের সঙ্গে বিদেশের যোগসূত্র স্থাপন করছেন শিক্ষামন্ত্রী' উল্লেখ করে বলেন, বাংলাদেশের সঙ্গে অস্ট্রেলিয়ার সম্পর্কের ৫০ বছর উদযাপন করা হয়েছে ২০২২ সালের ৩১ জানুয়ারি। শিক্ষা, মাইগ্রেশন ও ক্রিকেটের ক্ষেত্রে অস্ট্রেলিয়ার সঙ্গে বাংলাদেশের সম্পর্ক অত্যন্ত আন্তরিক। বাংলাদেশের প্রচুর শিক্ষার্থী অস্ট্রেলিয়া থেকে ফ্রি স্কলারশিপ পেয়ে থাকে। মিনারেল রিসোর্স, রিনিউবেল রিসোর্স ও জ্বালানি খাতে বাংলাদেশের সঙ্গে অস্ট্রেলিয়ার বিনিয়োগ সম্পর্ক রয়েছে। এছাড়া গত ১৫ সেপ্টেম্বর বাংলাদেশ-অস্ট্রেলিয়ার মধ্যে টিপা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। জেরেমি ব্রুর আরও বলেন, ইউটিএস-পিইউসি প্রোগ্রাম শিক্ষাক্ষেত্রে অস্ট্রেলিয়া ও বাংলাদেশের আন্তরিক সম্পর্কের দৃষ্টান্ত।

গতকাল শনিবার প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস)-এর উদ্যোগে ও প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় ইউটিএস-পিইউসি প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন-শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, ইউটিএস-এর ম্যানেজিং ডিরেক্টর আলেক্সারফি, বাংলাদেশ এডুকেশন অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)-র ফাউন্ডার অ্যান্ড সিইও ড. আরিফ জোবায়ের, ইউটিএস-পিইউসি প্রোগ্রামের কো-অর্ডিনেটর ও প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ।

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেন, বৈশ্বিক প্রেক্ষাপটে শিক্ষার্থীদের খাপ খাওয়ানোর পরিকল্পনা থেকে অর্থাৎ বিশ্বের যে-কোনো দেশে উচ্চশিক্ষা, কর্মদক্ষতা ও ভাষা-দক্ষতার মাধ্যমে শিক্ষার্থীরা মানবিক বিশ্ব নির্মাণের কাজে যাতে যুক্ত হতে পারে, সেজন্য ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস), অস্ট্রেলিয়া এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির একটি যৌথ প্রোগ্রাম আজ থেকে শুরু হতে যাচ্ছে। শিক্ষা উপমন্ত্রী আরও বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি ও বাংলাদেশ এডুকেশন অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)-র সঙ্গে পার্টনারশিপের ভিত্তিতে ইউটিএস বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করেছে এদেশের শিক্ষার্থীদের জন্য বিশেষ সুযোগ-সুবিধা নিয়ে। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ে ৪ মিলিয়নসহ মোট ৬ মিলিয়ন শিক্ষার্থী উচ্চশিক্ষা গ্রহণ করছে উল্লেখ করে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের শিক্ষার উন্নয়নে বদ্ধপরিকর। প্রধানমন্ত্রী বাংলাদেশের শিক্ষাকে আন্তর্জাতিকীকরণের যে উদ্যোগ গ্রহণ করেছেন, ইউটিএস-পিইউসি প্রোগ্রাম তার অংশ। শিক্ষা উপমন্ত্রী বাংলাদেশের অন্যান্য পাবলিক-প্রাইভেট বিশ্ববিদ্যালয়সমূহে এ ধরনের প্রোগ্রাম চালু করার জন্য ইউটিএসকে অনুরোধ জানান।

ইউটিএস-এর ম্যানেজিং ডিরেক্টর আলেক্স মারফি বলেন, অস্ট্রেলিয়ায় ৩৫ বছর ধরে ইউটিএস শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, কম্বোডিয়া, দক্ষিণ কোরিয়া ও শ্রীলঙ্কায় ইউটিএস-এর শিক্ষা কার্যক্রম চালু রয়েছে। এবার বাংলাদেশে শুরু হলো ইউটিএস-পিইউসি প্রোগ্রাম।

বাংলাদেশ এডুকেশন অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)-র ফাউন্ডার এন্ড সিইও ড. আরিফ জোবায়ের বলেন, চট্টগ্রাম তথা বাংলাদেশের অনেক শিক্ষার্থীর স্বপ্ন অস্ট্রেলিয়ায় গিয়ে উচ্চশিক্ষা সম্পন্ন করবে। এই প্রোগ্রাম তাদের সেই স্বপ্ন পূরণ করবে। ফেব্রুয়ারি ২০২৩ ইনটেক থেকে ইউটিএস বাংলাদেশে তাদের ডিগ্রির প্রথম বছর চালু করবে এবং বাংলাদেশের স্থানীয় শিক্ষার্থীদের অত্যন্ত কম খরচে সেরা মানের আন্তর্জাতিক শিক্ষার প্রবেশাধিকার প্রদান করবে।

ইউটিএস-পিইউসি প্রোগ্রামের কো-অর্ডিনেটর ও প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ এই প্রোগ্রামের শিক্ষার্থীদের বিভিন্ন সুযোগ-সুবিধার কথা তুলে ধরেন। সভাপতির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, বর্তমান বিশ্ব প্রযুক্তিনির্ভর বিশ্ব। যে দেশ প্রযুক্তিতে যত অগ্রসর হবে, সে দেশই এগিয়ে যাবে। বাংলাদেশ একদিন বিশ্বের সবচেয়ে ধনী দেশ ছিল। শাহজাহানের আমলে আগত পর্যটক বার্নিয়ার। ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস), অস্ট্রেলিয়ার সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটির এই যৌথ উদ্যোগ আমাদের শিক্ষার্থীদের প্রযুক্তিজ্ঞান অর্জনে বিশেষ সহায়ক হবে। আমরা চাই, অস্ট্রেলিয়া ও অন্যান্য দেশের আরও উন্নত বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে আমাদের বিশ্ববিদ্যালয়ের সহযোগিতার পথ খুলে যাক, আমাদের শিক্ষার্থীদের জন্য উচ্চমানের প্রযুক্তিজ্ঞানের দ্বার উন্মুক্ত হোক। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 16 October 2022, Page: 3, Col: 6
https://edainikazadi.net/index.php?page=1&date=2022-10-16




চট্টগ্রাম রবিবার ১৬ অক্টোবর ২০২২

# দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৩৭তম বর্ষ ২৩৪ তম সংখ্যা ।। ৩১ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ ।। ১৯ রবিউল আউয়াল ১৪৪৪ হিজরি ।। Sunday 16 October 2022 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone






*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইউনিভার্সিটি অব টেকনোলজি-সিডনি (ইউটিএস) কোর্সের উদ্বোধনে অতিথিবৃন্দ*

## প্রধানমন্ত্রীর নির্দেশে উচ্চশিক্ষাকে আন্তর্জাতিকীকরণ করা হয়েছে

### ইউনিভার্সিটি অব টেকনোলজি-সিডনি (ইউটিএস) কোর্সের উদ্বোধনে তথ্যমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ■

তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে বাংলাদেশের উচ্চ শিক্ষাকে আন্তর্জাতিকীকরণ করা হয়েছে। তিনি বলেন, বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার দেশে উচ্চশিক্ষার উপর জোর দিয়েছে। গত ১৪ বছরে বাংলাদেশে অনেক প্রাইভেট ইউনিভার্সিটি গড়ে উঠেছে। এগুলোর মধ্যে অনেক বিশ্বমানের বিশ্ববিদ্যালয়ও আছে। গতকাল শনিবার সন্ধ্যায় নগরীর হোটেল রেডিসন ব্লু'র নীলগিরি হলে চট্টগ্রামের প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইউনিভার্সিটি অব টেকনোলজি-সিডনি (ইউটিএস) কোর্সের উদ্বোধন এবং অফার লেটার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য ড. অনুপম সেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী। ইউটিএস কলেজের ব্যবস্থাপনা পরিচালক অ্যালেক্স মারফি এবং বি-ইআরআই-এর প্রতিষ্ঠাতা ও সিইও ডা. আরিফ জুবেয়ার গেস্ট অব অনার হিসেবে বক্তব্য রাখেন। গতকাল উপস্থিত ১৭ জন শিক্ষার্থীকে ইউনিভার্সিটি অব টেকনোলজি-সিডনি (ইউটিএস) কোর্সের

● ৬ষ্ঠ পৃষ্ঠার ৭ম ক.

## প্রধানমন্ত্রীর নির্দেশে উচ্চশিক্ষাকে

● ৮ম পৃষ্ঠার পর

অফার লেটার প্রদান করেন অতিথিরা। তথ্যমন্ত্রীর নিজ শহর চট্টগ্রামের প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইউটিএস কর্তৃক ব্যবসা এবং তথ্য প্রযুক্তির কোর্স শুরু করার কথা শুনে খুব খুশি উল্লেখ করে বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি সৌভাগ্যবান এবং তিনি চট্টগ্রামের একজন ব্যক্তি হিসেবেও অত্যন্ত সৌভাগ্যবান যে এই কোর্সটি প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ে চালু হতে যাচ্ছে। এটি বাংলাদেশের শিক্ষার্থীদের জন্য অনেক সুযোগ নিয়ে আসবে, তারা এখানে প্রথম বর্ষের কোর্স শেষ করে ডিপ্লোমাধারী হবে। এরপর তারা দুইবছর পড়ালেখা করে ব্যাচেলর ডিগ্রি পাবে। এদিকে, গতকাল সকাল ১১টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস)-এর উদ্যোগে ও প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় ইউটিএস-পিইউসি প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী এমপি, ইউটিএস-এর ম্যানেজিং ডিরেক্টর আলেক্স মারফি, বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)-র ফাউন্ডার এন্ড সিইও ড. আরিফ জোবায়ের, ইউটিএস-পিইউসি প্রোগ্রামের কো-অর্ডিনেটর ও প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী বলেন, বৈশ্বিক প্রেক্ষাপটে শিক্ষার্থীদের খাপ খাওয়ানোর পরিকল্পনা থেকে অর্থাৎ বিশ্বের যে-কোনো দেশে উচ্চশিক্ষা, কর্মদক্ষতা ও ভাষা-দক্ষতার মাধ্যমে শিক্ষার্থীরা মানবিক বিশ্ব নির্মাণের কাজে যাতে যুক্ত হতে পারে, সেজন্য ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস), অস্ট্রেলিয়া এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির একটি যৌথ প্রোগ্রাম আজ থেকে শুরু হতে যাচ্ছে। আমি এ ধরনের মহান উদ্যোগ গ্রহণের জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটি ও ইউটিএসকে ধন্যবাদ জ্ঞাপন করছি। শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী আরও বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি ও বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)-র সঙ্গে পার্টনারশিপের ভিত্তিতে ইউটিএস বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করেছে এদেশের শিক্ষার্থীদের জন্য বিশেষ সুযোগ-সুবিধা নিয়ে।

Ref: Daily Purbokone, Date: 16 October 2022, Page: 8, Col: 6
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-10-16

রবিবার
চট্টগ্রাম
১৬ অক্টোবর ২০২২
৩১ আশ্বিন ১৪২৯
১৯ রবিউল আওয়াল ১৪৪৪
বর্ষ-১০, সংখ্যা-২৯৩

১০ বছরে দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার
02-334455071-6
02-334451901-6
মোবাইল নাম্বার
01976-022111
01976-022333
info@phlctg.com /parkviewhospitalctg parkview.com.bd

▶ শুভ সকাল
মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে কর্মকৌশল গ্রহণ

▶ দশ কথার এক কথা
এমন ভাগ্য নিয়ে জন্মাইনি যে বাংলাদেশে মরব : কবীর সুমন

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৭ টাকা

| ▶ চট্টগ্রামে শনাক্ত | মৃত্যু |
|---|---|
| ১,২৮,৭৪৫ | ১,৩৬৭ |

▶ শেষ পাতায়
'সোশাল মিডিয়ায় প্রধানমন্ত্রীর কোনো আইডি নেই'




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইউটিএস প্রোগ্রাম এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন অস্ট্রেলিয়ান হাইকমিশনার জেরেমি ব্রুর

# শিক্ষার আন্তর্জাতিকীকরণের অংশ ইউটিএস প্রোগ্রাম

## প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রোগ্রামে শিক্ষা উপমন্ত্রী

অস্ট্রেলিয়ান হাইকমিশনার জেরেমি ব্রুর 'শিক্ষার ক্ষেত্রে বাংলাদেশের সঙ্গে বিদেশের যোগসূত্র স্থাপন করছেন শিক্ষামন্ত্রী' উল্লেখ করে বলেন, বাংলাদেশের সঙ্গে অস্ট্রেলিয়ার সম্পর্কের ৫০ বছর উদযাপন করা হয়েছে ২০২২ সালের ৩১ জানুয়ারি। শিক্ষা, মাইগ্রেশন ও ক্রিকেটের ক্ষেত্রে অস্ট্রেলিয়ার সঙ্গে বাংলাদেশের সম্পর্ক অত্যন্ত আন্তরিক। বাংলাদেশের প্রচুর শিক্ষার্থী অস্ট্রেলিয়া থেকে ফ্রি স্কলারশিপ পেয়ে থাকে। মিনারেল রিসোর্স, রিনিউবেল রিসোর্স ও জ্বালানি খাতে বাংলাদেশের সঙ্গে অস্ট্রেলিয়ার বিনিয়োগ সম্পর্ক রয়েছে। এছাড়া গতকাল বাংলাদেশ-অস্ট্রেলিয়ার মধ্যে টিপা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। জেরেমি ব্রুর আরও বলেন, ইউটিএস-পিইউসি প্রোগ্রাম শিক্ষাক্ষেত্রে অস্ট্রেলিয়া ও বাংলাদেশের আন্তরিক সম্পর্কের দৃষ্টান্ত।

গতকাল শনিবার প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস)-এর উদ্যোগে ও প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় অনুষ্ঠিত 'Launching Ceremony of UTS-PUC Program' শীর্ষক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী এমপি, ইউটিএস-এর ম্যানেজিং ডিরেক্টর আলেক্স মারফি, বাংলাদেশ ● পৃষ্ঠা ২, কলাম ১.

## শিক্ষার আন্তর্জাতিকীকরণের অংশ

● শেষ পৃষ্ঠার পর

এডুকেশন এন্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)-র ফাউন্ডার এন্ড সিইও ড. আরিফ জোবায়ের, ইউটিএস-পিইউসি প্রোগ্রামের কো-অর্ডিনেটর ও প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ।

শিক্ষা উপমন্ত্রী বলেন, বৈশ্বিক প্রেক্ষাপটে শিক্ষার্থীদের খাপ খাওয়ানোর পরিকল্পনা থেকে অর্থাৎ বিশ্বের যে-কোনো দেশে উচ্চশিক্ষা, কর্মদক্ষতা ও ভাষা-দক্ষতার মাধ্যমে শিক্ষার্থীরা মানবিক বিশ্ব নির্মাণের কাজে যাতে যুক্ত হতে পারে, সেজন্য ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস), অস্ট্রেলিয়া এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির একটি যৌথ প্রোগ্রাম আজ থেকে শুরু হতে যাচ্ছে। আমি এ ধরনের উদ্যোগ গ্রহণের জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটি ও ইউটিএসকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী আরও বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি ও বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)-র সঙ্গে পার্টনারশিপের ভিত্তিতে ইউটিএস বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করেছে এদেশের শিক্ষার্থীদের জন্য বিশেষ সুযোগ-সুবিধা নিয়ে। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ে ৪ মিলিয়নসহ মোট ৬ মিলিয়ন শিক্ষার্থী উচ্চশিক্ষা গ্রহণ করছে উল্লেখ করে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের শিক্ষার উন্নয়নে বদ্ধপরিকর। তিনি ক্রমশ শিক্ষাক্ষেত্রকে এগিয়ে নিয়ে যাচ্ছেন।

ইউটিএস-এর ম্যানেজিং ডিরেক্টর আলেক্স মারফি বলেন, অস্ট্রেলিয়ায় ৩৫ বছর ধরে ইউটিএস শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, কম্বোডিয়া, দক্ষিণ কোরিয়া ও শ্রীলঙ্কায় ইউটিএস-এর শিক্ষা কার্যক্রম চালু রয়েছে। এবার বাংলাদেশে শুরু হলো ইউটিএস-পিইউসি প্রোগ্রাম।

বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)-র ফাউন্ডার এন্ড সিইও ড. আরিফ জোবায়ের বলেন, চট্টগ্রাম তথা বাংলাদেশের অনেক শিক্ষার্থীর স্বপ্ন অস্ট্রেলিয়ায় গিয়ে উচ্চশিক্ষা সম্পন্ন করবে। এই প্রোগ্রাম তাদের সেই স্বপ্ন পূরণ করবে।

ড. অনুপম সেন বলেন, বর্তমান বিশ্ব প্রযুক্তিনির্ভর বিশ্ব। যে-দেশ প্রযুক্তিতে যত অগ্রসর হবে, সে-দেশই এগিয়ে যাবে। তিনি বলেন, আমরা চাই, অস্ট্রেলিয়া ও অন্যান্য দেশের আরও উন্নত বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে আমাদের বিশ্ববিদ্যালয়ের সহযোগিতার পথ খুলে যাক, আমাদের শিক্ষার্থীদের জন্য উচ্চমানের প্রযুক্তিজ্ঞানের দ্বার উন্মুক্ত হোক। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 16 October 2022, Page: 8, Col: 2
https://epurbodesh.com/index.php?date=16-10-2022&page=8

চট্টগ্রাম • রোববার • ১৬ অক্টোবর ২০২২ • ৩১ আশ্বিন ১৪২৯ • ১৯ রবিউল আউয়াল ১৪৪৪ ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ৬০

রূপান্তর নবযাত্রা ৩৩

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ বস্তুনিষ্ঠ সংবাদ প্রচারে রেডিও টুডের ভূমিকা প্রশংসনীয়

৫ আনোয়ারায় নরক যন্ত্রণার আরেক নাম হাইড্রোলিক হন

৬ ডিসেম্বরে বাংলাদেশে আসছে ভারত



**পর্দায় ফিরছেন পূর্ণিমা**

দীর্ঘদিন সিনেমার শুটিং নিয়ে ক্যামেরার সামনে দাঁড়াননি জনপ্রিয় চিত্রনায়িকা পূর্ণিমা। অবশেষে সেই বিরতি ভাঙছে। রোববার থেকে নতুন সিনেমার শুটিং শুরু করবেন এই অভিনেত্রী।

বিস্তারিত ▶ পৃষ্ঠা ৬



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'লাউঞ্চিং সিরামনি অব ইউটিএস-পিইউসি প্রোগ্রাম' বক্তব্য রাখছেন অস্ট্রেলিয়ান হাইকমিশনার মি. জেরেমি ব্রুর

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'লাউঞ্চিং সিরামনি অব ইউটিএস-পিইউসি প্রোগ্রাম' অনুষ্ঠিত

# বাংলাদেশে অস্ট্রেলিয়ার উচ্চশিক্ষা কার্যক্রম শুরু

'বাংলাদেশের সঙ্গে অস্ট্রেলিয়ার সম্পর্কের ৫০ বছর উদযাপন করা হয়েছে ২০২২ সালের ৩১ জানুয়ারি। শিক্ষা, মাইগ্রেশন ও ক্রিকেটের ক্ষেত্রে অস্ট্রেলিয়ার সঙ্গে বাংলাদেশের সম্পর্ক অত্যন্ত আন্তরিক। বাংলাদেশের প্রচুর শিক্ষার্থী অস্ট্রেলিয়া থেকে ফ্রি স্কলারশিপ পেয়ে থাকে। মিনারেল রিসোর্স, রিনিউবেল রিসোর্স ও জ্বালানি খাতে বাংলাদেশের সঙ্গে অস্ট্রেলিয়ার বিনিয়োগ সম্পর্ক রয়েছে। এছাড়া ১৫ সেপ্টেম্বর বাংলাদেশ-অস্ট্রেলিয়ার মধ্যে টিপা চুক্তি স্বাক্ষরিত হয়েছে।' শনিবার সকাল ১১টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস) এর উদ্যোগে ও প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় অনুষ্ঠিত 'লাউঞ্চিং সিরামনি অব ইউটিএস-পিইউসি প্রোগ্রাম' শীর্ষক অনুষ্ঠানে 'শিক্ষার ক্ষেত্রে বাংলাদেশের সঙ্গে বিদেশের যোগসূত্র স্থাপন করছেন শিক্ষামন্ত্রী' উল্লেখ করে অস্ট্রেলিয়ান হাইকমিশনার জেরেমি ব্রুর এ কথা বলেন।

জেরেমি ব্রুর আরও বলেন, ইউটিএস-পিইউসি প্রোগ্রাম শিক্ষাক্ষেত্রে অস্ট্রেলিয়া ও বাংলাদেশের আন্তরিক সম্পর্কের দৃষ্টান্ত।

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ▶ *৭ম পৃষ্ঠার ২য় কলাম*

# বাংলাদেশে অস্ট্রেলিয়ার

► *শেষ পৃষ্ঠার পর*

ছিলেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী এমপি, ইউটিএস এর ম্যানেজিং ডিরেক্টর আলেক্স মারফি, বাংলাদেশ অ্যাডুকেশন অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)-র ফাউন্ডার অ্যান্ড সিইও ড. আরিফ জোবায়ের, ইউটিএস-পিইউসি প্রোগ্রামের কো-অর্ডিনেটর ও প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ।

শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী এমপি বলেন, বৈশ্বিক প্রেক্ষাপটে শিক্ষার্থীদের খাপ খাওয়ানোর পরিকল্পনা থেকে অর্থাৎ বিশ্বের যে-কোনো দেশে উচ্চশিক্ষা, কর্মদক্ষতা ও ভাষা-দক্ষতার মাধ্যমে শিক্ষার্থীরা মানবিক বিশ্ব নির্মাণের কাজে যাতে যুক্ত হতে পারে, সেজন্য ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস) অস্ট্রেলিয়া এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির একটি যৌথ প্রোগ্রাম শুরু হতে যাচ্ছে। এ ধরনের উদ্যোগ গ্রহণের জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটি ও ইউটিএসকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

শিক্ষা উপমন্ত্রী আরও বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি ও বাংলাদেশ অ্যাডুকেশন অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)-র সঙ্গে পার্টনারশিপের ভিত্তিতে ইউটিএস বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করেছে এদেশের শিক্ষার্থীদের জন্য বিশেষ সুযোগ-সুবিধা নিয়ে। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ে ৪ মিলিয়নসহ মোট ৬ মিলিয়ন শিক্ষার্থী উচ্চশিক্ষা গ্রহণ করছে উল্লেখ করে বলেন, প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা বাংলাদেশের শিক্ষার উন্নয়নে বদ্ধপরিকর। তিনি ক্রমশ শিক্ষাক্ষেত্রকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। শিক্ষা উপমন্ত্রী বাংলাদেশের শিক্ষাক্ষেত্রে প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার উন্নয়নের বিস্তারিত বিবরণ তুলে ধরে বলেন, প্রধানমন্ত্রী বাংলাদেশের শিক্ষাকে আন্তর্জাতিকীকরণের যে-উদ্যোগ গ্রহণ করেছেন ইউটিএস-পিইউসি প্রোগ্রাম তার অংশ। শিক্ষা উপমন্ত্রী বাংলাদেশের অন্যান্য পাবলিক-প্রাইভেট বিশ্ববিদ্যালয়সমূহে এ ধরনের প্রোগ্রাম চালু করার জন্য ইউটিএসকে অনুরোধ জানান।

ইউটিএস এর ম্যানেজিং ডিরেক্টর আলেক্স মারফি বলেন, অস্ট্রেলিয়ায় ৩৫ বছর ধরে ইউটিএস শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, কম্বোডিয়া, দক্ষিণ কোরিয়া ও শ্রীলঙ্কায় ইউটিএস-এর শিক্ষা কার্যক্রম চালু রয়েছে। এবার বাংলাদেশে শুরু হলো ইউটিএস-পিইউসি প্রোগ্রাম।

বাংলাদেশ অ্যাডুকেশন অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)-র ফাউন্ডার অ্যান্ড সিইও ড. আরিফ জোবায়ের বলেন, চট্টগ্রাম তথা বাংলাদেশের অনেক শিক্ষার্থীর স্বপ্ন অস্ট্রেলিয়ায় গিয়ে উচ্চশিক্ষা সম্পন্ন করবে। এই প্রোগ্রাম তাদের সেই স্বপ্ন পূরণ করবে। ফেব্রুয়ারি ২০২৩ ইনটেক থেকে ইউটিএস বাংলাদেশে তাদের ডিগ্রির প্রথম বছর চালু করবে এবং বাংলাদেশের স্থানীয় শিক্ষার্থীদের অত্যন্ত কম খরচে সেরা মানের আন্তর্জাতিক শিক্ষার প্রবেশাধিকার প্রদান করবে।

ইউটিএস-পিইউসি প্রোগ্রামের কো-অর্ডিনেটর ও প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ এই প্রোগ্রামের শিক্ষার্থীদের বিভিন্ন সুযোগ-সুবিধার কথা তুলে ধরেন। তিনি বলেন, টিউশন ফি এবং জীবনযাত্রার খরচ প্রথম বছরে অস্ট্রেলিয়ার চেয়ে ৭৫% সাশ্রয় হবে, প্রোগ্রামে দ্রুত এনরোলকারী শিক্ষার্থীরা ভিসা পাওয়ার আগেই ক্রেডিট অর্জনের সুযোগ পাবে, ছোট শ্রেণিকক্ষ তৈরি করে ও স্থানীয়ভাবে সহায়তা নিয়ে উচ্চশিক্ষা সহজে অর্জন করতে পারবে, অস্ট্রেলিয়ার উচ্চশিক্ষা শিক্ষার্থীরা বাংলাদেশে বসে অর্জন করতে পারবে। বাকি সেমিস্টারগুলো তারা অস্ট্রেলিয়ায় অধ্যয়ন করার সুযোগ পাবে।

সভাপতির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, বর্তমান বিশ্ব প্রযুক্তিনির্ভর বিশ্ব। যে-দেশ প্রযুক্তিতে যত অগ্রসর হবে, সে-দেশই এগিয়ে যাবে। বাংলাদেশ একদিন বিশ্বের সবচেয়ে ধনী দেশ ছিল। একথা বলেছেন শাহজাহানের আমলে আগত পর্যটক বার্নিয়ার। ইংল্যান্ডের এক ছোট কোম্পানি–ইস্ট ইন্ডিয়া কোম্পানি–প্রযুক্তিতে তাদের দক্ষতার কারণে সিরাজদ্দৌলাকে হারিয়ে এই সমৃদ্ধ বাংলাদেশ দখল করে নেয়। এই দক্ষতার কারণে ৫০ বছরের মধ্যে এই কোম্পানিটি সারা উপমহাদেশ দখল করে নিতে সক্ষম হয়। আমরা দেখি জাপান একসময় দরিদ্র দেশ ছিল। কিন্তু ১৮৫৪ সালে মেজিদের ক্ষমতা পুনর্দখলের পরে তারা তাদের শিক্ষার্থীদের সারা বিশ্বের উন্নত দেশে, বিশেষত, ইংল্যান্ড, জার্মানি, ফ্রান্স প্রভৃতি দেশে পাঠিয়ে দেয় বৈজ্ঞানিক-প্রযুক্তি শিক্ষা অর্জনের জন্য। এর ফলেই তারা ৫০ বছর পরে ১৯০৫ সালে রাশিয়ান সাম্রাজ্যকে হারিয়ে দেয়। তাদের এই প্রযুক্তি দক্ষতার কারণে মাত্র ১০ বছর আগেও তারা বিশ্বের দ্বিতীয় ধনী দেশ ছিল। সুতরাং ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস), অস্ট্রেলিয়ার সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটির এই যৌথ উদ্যোগ আমাদের শিক্ষার্থীদের প্রযুক্তিজ্ঞান অর্জনে বিশেষ সহায়ক হবে। আমরা চাই, অস্ট্রেলিয়া ও অন্যান্য দেশের আরও উন্নত বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে আমাদের বিশ্ববিদ্যালয়ের সহযোগিতার পথ খুলে যাক, আমাদের শিক্ষার্থীদের জন্য উচ্চমানের প্রযুক্তিজ্ঞানের দ্বার উন্মুক্ত হোক। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 16 October 2022, Page: 8, Col: 2
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-10-16